West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

Part - I

বাংলা — সাম্মানিক

প্রথম পত্র

সময় ঃ ৪ ঘন্টা পূর্ণমান ঃ ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

১। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কোন্ সময়ে রচিত ? কাব্যটি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন ? বাংলা সাহিত্যের ধারায় গ্রন্থটির ঐতিহাসিক গুরুত্ব কোন্‌দিক থেকে ? গ্রন্থটির কাব্যমূল্য আলোচনা করুন। ২ + ৩ + ৪ + ৬

মঙ্গলকাব্য কাকে বলে ? এই কাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করুন। চৈতন্যোত্তর কালের মনসামঙ্গল কাব্যধারার একজন শ্রেষ্ঠ কবির কাব্য-কৃতির পরিচয় দিন। ২ + ৪ + ৯

অথবা

চৈতন্যদেবকে নিয়ে মধ্যযুগে জীবনী-সাহিত্য রচনার কারণ কি ? যে কোন চারজন চৈতন্য জীবনীকার ও তাদের গ্রন্থের নাম লিখুন। উল্লেখযোগ্য দুটি চৈতন্য-জীবনীগ্রন্থের পরিচয় দিন। ২ + ২ + ৫ $\frac{১}{২}$ + ৫ $\frac{১}{২}$

২। বাংলা গদ্যচর্চায় সংক্ষেপে শ্রীরামপুর মিশন ও ফোর্ট উইলিয়াম কলেজের অবদান আলোচনা করুন।

ঈশ্বরচন্দ্র গুপ্তের কবিপ্রতিভার পরিচয় দিন এবং উনিশ শতকের বাংলা কাব্যে তাঁর অবদান আলোচনা করুন। ১০ + ৫

অথবা

বাংলা নাট্যসাহিত্যের ধারায় দ্বিজেন্দ্রলাল রায়ের ট্রাজেডিগুলির বিশিষ্টতা নির্ধারণ করুন।

৩। বাংলা কাব্যধারায় সমর সেন অথবা সুভাষ মুখোপাধ্যায়ের কবিপ্রতিভার পরিচয় দিন ।

অথবা

দ্বিতীয় বিশ্বযুদ্ধোত্তর বাংলা নাট্যসাহিত্যে তুলসী লাহিড়ীর অবদান আলোচনা করুন

অথবা

ছোটগল্পকার হিসাবে সমরেশ বসু অথবা সৈয়দ ওয়ালিউল্লাহের প্রতিভার পরিচয় দিন

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১০ = ১০

ক) রামায়ণের দুজন অনুবাদকের নাম লিখুন । একজন শ্রেষ্ঠ রামায়ণ অনুবাদকের কবিপ্রতিভার পরিচয় দিন ।

খ) বঙ্কিমচন্দ্রের সামাজিক উপন্যাসগুলির বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন । ১০

গ) কল্লোল যুগ বলতে কী বোঝেন ? এই যুগের একজন কবির কবিতার বৈশিষ্ট্য লিপিবদ্ধ করুন । ৩ + ৭

৫। প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে যে-কোনো **তিনটি** গ্রন্থের সংজ্ঞাসহ পরিচয় দিন ঃ ৩ × ৫ = ১৫

(গ্রন্থকারের নাম, গ্রন্থের প্রকরণ, গ্রন্থের বিষয়বস্তু, তাৎপর্য ও ঐতিহাসিক গুরুত্ব নির্দেশ করতে হবে)

ক) চর্যাগীতিকোষ, মহাভারত, পদ্মাবতী ।

খ) তত্ত্ববোধিনী পত্রিকা, জনা, কমলাকান্তের দপ্তর ।

গ) চার অধ্যায়, বনলতা সেন, সুবর্ণলতা ।

(বাংলা ভাষার ইতিহাস)

৬। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১ × ১৫ = ১৫

ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা কীভাবে বিবর্তনের মধ্য দিয়ে অন্যতম নব্যভারতীয় আর্যভাষা হিসাবে বাংলা ভাষার জন্ম দিয়েছে, সংক্ষেপে তার পরিচয় দিন । ১৫

খ) উপভাষা কাকে বলে ? বাংলা ভাষার প্রধান প্রধান উপভাষাগুলির নাম লিখুন । যে কোনো দুটি উপভাষার ভাষাতাত্ত্বিক পরিচয় দিন । ৩ + ২ + ৫ + ৫

গ) ধ্বনি পরিবর্তনের কারণগুলি উদাহরণ সহযোগে আলোচনা করুন ।

৭। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দিন ঃ **১ × ১৫ = ১৫**

ক) উপযুক্ত উদাহরণসহ যে কোনো **পাঁচটির** সংজ্ঞা নির্দেশ করুন ঃ ৫ × ৩

সমীভবন, নাসিক্যীভবন, জোড়কলম শব্দ, আদিস্বরলোপ, সংকর শব্দ, স্বরসঙ্গতি, য়-শ্রুতি।

খ) যে কোনো **পাঁচটি** শব্দের ভাষাতাত্ত্বিক টীকা লিখুন ঃ ৫ × ৩

আঠারো, তরোয়াল, পালকি, আস্তাবল, ঝি, সাঁঝ, কেষ্ট, ঘি, মাছ।

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART-I

বাংলা - সাম্মানিক

দ্বিতীয় পত্র

Duration : 4 Hours Full Marks : 100

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক ।

১. নভেল এবং রোমান্স বলতে কি বোঝায় তা লিখুন। উদাহরণসহ উভয়ের পার্থক্য নির্দেশ করুন । ১০ + ১০

অথবা

যে কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ

ক) রাজনৈতিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি আলোচনা করুন। এই বৈশিষ্ট্যের নিরিখে একটি রাজনৈতিক উপন্যাসের সাফল্য বিচার করুন। ৫ + ৫

খ) সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যসমূহ উল্লেখ করে যে কোনো একটি বাংলা সামাজিক উপন্যাসের বিস্তারিত পরিচয় দিন। ৫ + ৫

গ) একটি সার্থক ছোটোগল্পের পরিচয় দিন। ছোটোগল্পের উপসংহার কেমন হওয়া উচিত সে বিষয়ে আলোচনা করুন ।

ঘ) উদাহরণসহ ঐতিহাসিক উপন্যাসের বিস্তারিত পরিচয় দিন। ১০

২. ক) 'চন্দ্রশেখর' উপন্যাস অবলম্বনে চন্দ্রশেখর এবং প্রতাপ চরিত্রদুটির তুলনামূলক আলোচনা করুন।

অথবা

'চন্দ্রশেখর' উপন্যাসের উপকাহিনিটি বিবৃত করুন। এই উপকাহিনি সংযোজনে উপন্যাসের শিল্পমূল্য কতখানি প্রভাবিত হয়েছে আলোচনা করুন। ১০ + ৫

খ) 'পাঁচজনের মধ্যে ও যে-কোনো একজন মাত্র নয়, ও হল একেবারে পঞ্চম' — 'শেষের কবিতা' উপন্যাসে কার সম্পর্কে এই উক্তি ? উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রবৈশিষ্ট্য উল্লেখ করুন। ১ + ১৪

অথবা

'শেষের কবিতা' উপন্যাসটির অভিনবত্ব আলোচনা করে উপন্যাসটিকে কোন শ্রেণির অন্তর্ভুক্ত করা যায় যুক্তিসহ লিখুন। ৭ + ৮

গ) 'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে রাজলক্ষ্মী ও অন্নদাদিদি পরস্পরের পরিপূরক চরিত্র — ব্যাখ্যা করুন। ১৫

অথবা

'শ্রীকান্ত' (১ম পর্ব) উপন্যাস অবলম্বনে শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের হাস্যরস সৃষ্টির পরিচয় দিন। ১৫

ঘ) 'এক আজব কন্যাকে যে বিয়ে করত, সেই মরত' — 'হাসুলী বাঁকের উপকথা' উপন্যাসে এই রূপকথার কথক কে ? সমগ্র উপন্যাসে এই কথকের ভূমিকা বিশ্লেষণ করুন। ১ + ১৪

'হাসুলী বাঁকের উপকথা' উপন্যাসটি শুধুমাত্র উপকথা নয়, সমাজ ও সময়ের কথাও। — আলোচনা করুন।

১৫

৩. ক) আমরা ব্রাহ্মণের কন্যা, ব্রাহ্মণের স্ত্রী, আমরা মনে দৃঢ় থাকিলে পৃথিবীতে আমাদের বিপদ নাই' — একথা কে কাকে বলেছেন ? প্রসঙ্গ উল্লেখ করুন। ২ + ৩

অথবা

'জ্বলন্ত অগ্নিতে ঘৃতাহুতি পড়িল'— কার সম্পর্কে এই উক্তি ? প্রসঙ্গ উল্লেখ করুন। ১ + ৪

খ) 'শেষে সমস্তটা বাল্যবিবাহ হয়ে না দাঁড়ায়'— কে কাকে এই কথা বলেছেন ? এই উক্তির আলোকে বক্তার দূরদর্শিতার পরিচয় দিন। ২ + ৩

অথবা

'এনামেল-করা মুখের উপর দিয়ে দরদর করে চোখের জল গড়িয়ে পড়তে লাগল।' — প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করুন। ৫

গ) 'কিন্তু এত বড় একটা মহাপ্রাণ আজ পর্যন্ত তুমিই বা কয়টা দিতে পারিলে।'— কাকে কেন 'মহাপ্রাণ' বলা হয়েছে আলোচনা করুন। ১ + ৪

অথবা

'কি নিষ্ঠুর এই পুরুষ মানুষ জাতটা' — বক্তা কে ? বক্তব্যটির তাৎপর্য লিখুন ১ + ৪

ঘ) 'কোপাই নদী ঠিক যেন কাহার কন্যে' — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য লিখুন।

অথবা

"মুরুব্বি কত্তার পূজোটা সব আমাকে দিয়ো গো"

— কে বলেছে ? 'মুরুব্বি' কে ? কেন একথা বলেছে ? ১ + ১ + ৩